

দৈনিক ইত্তেফাক

THE DAILY ITTEFAQ

প্রতিষ্ঠাতা : তফাজ্জল হোসেন মানিক মিয়া

Bangladeshi
PhoneCard.com

অক্টোবর ০৪, ২০০৭, বৃহস্পতিবার : আশ্বিন ১৯, ১৪১৪

আপডেট বাংলাদেশ সময় রাত ১২:০০




সন্ত্রাস দমনে মোবাইল ট্র্যাকার ও ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা হবে

।। ইত্তেফাক রিপোর্ট ।।

ঢাকা মেট্রোপলিটন পুলিশকে পুরোপুরি পেশাদার হিসাবে প্রতিষ্ঠিত করার জন্য কর্পোরেট প্ল্যান নামে একটি প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। মোবাইল টেলিফোনে সন্ত্রাসী তৎপরতা দমনে মোবাইল ট্র্যাকার ও অপরাধীদের চিহ্নিত করার জন্য ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা হচ্ছে। আর এসব যন্ত্রপাতি চেয়ে ডিএমপি থেকে ইতিমধ্যে ইউএনডিপি'র কাছে চিঠি পাঠানো হয়েছে। রাজধানীতে অপরাধ দমন এবং অপরাধীদের গ্রেফতারের কৌশল হিসাবে গুরুত্বপূর্ণ স্থানে বসানো হবে ক্লোজ সার্কিট ক্যামেরা। গোয়েন্দা ও অপরাধ তথ্য বিভাগের যুগ্ম কমিশনার মোঃ আবদুল জলিল জানান, কমলাপুর রেলওয়ে স্টেশন, তিনটি আন্তঃজেলা, ফুলবাড়ীয়া স্টপ ওভার, সায়েদাবাদ সিটি বাস ও সদরঘাট লঞ্চ টার্মিনালে ক্লোজ সার্কিট ক্যামেরা বসানো হবে। এছাড়া বড় বড় বিপণী বিতান, শপিং মলে থাকবে এসব ক্যামেরা। কর্পোরেট প্ল্যানের লক্ষ্য হচ্ছে বিনা কারণে হারানি বন্ধ ও ডিএমপির সেবা ব্যবস্থাকে আরো উন্নত করা। তিনি আরো জানান, মোবাইল ট্র্যাকার সংক্ষিপ্ত সময়ের ভিতরে বসানো যাবে। বর্তমানে মোবাইল টেলিফোনে চাঁদা দাবিসহ নানা ধরনের ভয়ভীতি দেখানোর খবর প্রায়ই পাওয়া যায়। আর এসব অভিযোগ কেউ লিখিত দিতে চায়না নিজেদের নিরাপত্তার কথা চিন্তা করে। টেলিফোনে তথ্য জানিয়ে সবাই প্রতিকার চায়।

মোবাইল ট্র্যাকার বসানোর পর হুমকি প্রদানকারীর কথাবার্তা রেকর্ড করা সহ তার অবস্থান সম্পর্কে সহজেই নিশ্চিত হওয়া যাবে। মোবাইল ট্র্যাকার মোবাইল সন্ত্রাস বন্ধে কার্যকর ভূমিকা রাখবে এমনটি আশা করছেন পুলিশ কর্মকর্তারা। এদিকে রাজধানীর অপরাধীদের সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করে ডাটাবেজ তৈরি করার কাজ চলছে। প্রতিটি থানা ও গোয়েন্দা দফতরে সব ধরনের অপরাধীর ফটোসহ সব ধরনের তথ্যের রেকর্ড রাখার কাজ চলতি বছরের মধ্যে সম্পন্ন হবে। যে কোন অপরাধ সংঘটিত হওয়ার পর সহজেই প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে।

আনন্দ বিনোদন
স্বাস্থ্য পরিচর্যা
কড়চা
অর্থনীতি
সাহিত্য সাময়িকী
কচি-কাঁচার আসর
ধর্মচিন্তা
তথ্যপ্রযুক্তি
মহিলা অঙ্গন
ক্যাম্পাস
এই নগরী
ক্রীড়াঙ্গণ
টেলিকম
কর্পোরেট
ক্যারিয়ার
তরণকর্প
চট্টগ্রাম নগরী
ঈদ সংখ্যা-২০০৭

 আগের সংবাদ
  পরের সংবাদ
  প্রিন্ট
  ই-মেইল
  হেল্প
  টিপস

 বাংলা দেখা না গেলে বা ফন্ট সম্পর্কিত সমস্যার জন্য এখানে ক্লিক করুন

The Daily Ittefaq - Established: 24th December, 1953.

Privacy Policy | Feedback | Contact Us

সম্পাদক : আনোয়ার হোসেন। ভারপ্রাপ্ত সম্পাদক : রাহাত খান। ইত্তেফাক গ্রুপ
অব পাবলিকেশন্স লিমিটেড-এর পক্ষে আনোয়ার হোসেন কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, ১নং রামকৃষ্ণ মিশন রোড,
ঢাকা-১২০৩ থেকে মুদ্রিত ও প্রকাশিত। ফোন : পিএবিএল-৭১২২৬৬০। ফ্যাক্স : ৮৮০-২-৭১২২৬৫১-৫৩।